



BGD e-GOV CIRT

বিজিডি ই-গভ সার্টি  
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
আইসিটি টাওয়ার, প্লট# ই-১৪/এক্স, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭  
Site: www.cirt.gov.bd

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় সাইবার ড্রিল ২০২০

সাইবার নিরাপত্তা নিশ্চিতকল্পে ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ এর বিধান অনুযায়ী BGD e-GOV CIRT গঠন করা হয়েছে। সরকারের গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোসমূহে (CII-Critical Information Infrastructure) তথ্য নিরাপত্তা নিশ্চিত করতে BGD e-GOV CIRT ইম্পিডেন্ট হ্যান্ডলিং, ডিজিটাল ফরেনসিক, আইটি অডিট, রিস্ক অ্যাসেসমেন্ট, সাইবার সেন্সরের মাধ্যমে বিভিন্ন সেবা প্রদান করে আসছে।

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সাইবার নিরাপত্তা প্রদানে দক্ষ জনবল তৈরী আবশ্যিক। সাইবার নিরাপত্তা কর্মীদের দক্ষতা বৃদ্ধি ও বাস্তব বিপর্যয় হতে উত্তরনের প্রস্তুতির জন্য অনুশীলন হিসেবে জাতীয় পর্যায়ে সাইবার ড্রিল (National Cyber Drill) আয়োজনের উদ্যোগ গ্রহন করা হয়েছে। এ অনুশীলন (National Cyber Drill) ডিজিটাল বাংলাদেশ দিবস অর্থাৎ আগামী ১২ই ডিসেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত হবে। উক্ত সাইবার ড্রিলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, বিভিন্ন প্রতিষ্ঠানে সাইবার নিরাপত্তা পেশাজীবী, ভবিষ্যতে সাইবার নিরাপত্তায় ক্যারিয়ার গড়তে আগ্রহীগণ দলগতভাবে অংশগ্রহণ করতে পারবেন। BGD e-GOV CIRT -এর Website (www.cirt.gov.bd) -এ সাইবার ড্রিলে অংশগ্রহনের বিস্তারিত তথ্য প্রকাশ করা হয়েছে।

**Tarique M Barkatullah**

Project Director, BGD e-GOV CIRT

Director, National Data Center